প্রধানমন্ত্রীর কারাবন্দী দিবসে মেহেরপুর জেলা যুবলীগের দোয়া মাহফিল

প্রধানমন্ত্রী শেখ হাসিনার কারাবন্দি দিবস উপলক্ষে মেহেরপুর জেলা যুবলীগের উদ্যোগে দোয়া আলোচনা ও মাহফিল অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার মেহেরপুর পৌর সম্মেলন কক্ষে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন। এসময় উপস্থিত ছিলেন জেলা যুবলীগের সদস্য সাজিজুর রহমান সাজু, উজ্জ্বল হোসেন, যুবলীগ নেতা মাহাবুব হাসান ডালিম, জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক জুয়েল রানা, সাবেক ছাত্রনেতা হাসানুজ্জামান হিলন,

সাবেক কলেজ ছাত্রলীগের সভাপতি মাসুূদ রানা সহ যুবলীগ ছাত্রলীগের নেতাকর্মীরা। পরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দীর্ঘায়ু কামনা করে দোয়া মাহফিল পরিচালনা করা হয়।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে নতুন করে মা-মেয়ে সহ ৫ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আরো ৫ জন করোনা আক্রান্ত হয়েছেন। আক্রান্তের মধ্যে ৩ জন মেহেরপুর সদরে ও ২ জন মুজিবনগর উপজেলার। এর মধ্যে একই পরিবারের দুই জন তারা হলেন মা ও মেয়ে।

বিভিন্ন সূত্রে পাওয়া পজেটিভদের পরিচয় হলো মেহেরপুর ডাচ বাংলা ব্যাংকের ম্যানেজার আব্দুল্লাহ আল মামুন(৩৯) ও দুই স্টাফ মুকুল উদ্দিন (৩৪) ও আজিম আলী (২৮)।

এ দিকে মুজিবনগর উপজেলার আক্রান্ত দু জন হলেন একই পরিবারের মা ও মেয়ে। তারা হলেন মুজিবনগরের পুরন্দরপুর গ্রামের সাবিনা ইয়াসমিন
(২৫) ও তার মেয়ে আনিকা (০৪)।

এ নিয়ে জেলায় ১২০ (সদর- ৬৪, গাংনী -৪৩, মুজিবনগর -১৩) জন করোনায় আক্রান্ত হলেন। এর মধ্যে ৬৫ জন সুস্থ হয়েছেন, ৬ জন মারা গেছেন। ১০ জনকে রেফার্ড করা হয়েছে।

মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন জানান, আজ বৃহস্পতিবার নমুনা পাঠানো হয়েছে ১৭টি (সদর+হসপিটাল ১৫ মুজিবনগর ০২) কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে, আজ ৩৩ টি রিপোর্ট এসেছে। এর মধ্যে ৫টি পজিটিভ।

তিনি জানান, এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা ২১৫৪টি।

মেহেরপুরের নবাগত জেলা প্রশাসককে শুভেচ্ছা জানালো বাংলাদেশ কংগ্রেস

মেহেরপুরের নবাগত জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সাথে সৌজন্য সাক্ষাৎ করেছে বাংলাদেশ কংগ্রেস মেহেরপুর জেলা শাখার নের্তৃবৃন্দরা। এ সময় তাঁকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

বৃহস্পতিবার দুপুরে বাংলাদেশ কংগ্রেস মেহেরপুর জেলা শাখার সদস্য সচিব মোঃ রাহাতুল হোসেন রাহাতের নেতৃত্বে সদর উপজেলা শাখার আহ্বায়ক মোঃ শরিফুল ইসলাম, সদস্য সচিব মোঃ আল মাছুম সেখ, সদস্য আলমগীর হোসেন, বুড়িপোতা ইউনিয়ন আহব্বায়ক মোঃ সবুজ রেজা প্রমুখ।

এসময় নবাগত জেলা প্রশাসক ডাঃ মোহাম্মদ মনসুর আলম খান বলেন বাংলাদেশ কংগ্রেস নতুন রাজনৈতিক দল। এ দলের সকল নেতাকর্মীকে অভিনন্দন।

গাংনীর সাহারবাটি ইউপি ভুমি অফিসের প্রচীর নির্মাণ স্থাগিতের দাবীতে মানববন্ধন

গাংনীর সাহারবাটি ইউনিয়ন ভুমি অফিসের প্রাচীর নির্মাণ স্থগিতের দাবীতে মানববন্ধন ও বিক্ষোভ করেছে এলাকাবাসী।

বৃহষ্পতিবার দুপুরে ভাটপাড়া জেলা প্রশাসক ইকোপার্ক সংলগ্ন রাস্তায় এলাকার শতশত মানুষ বিক্ষোভ শেষে মানববন্ধন করে। এলাকাবাসীর মানববন্ধনে ও অভিযোগের ভিত্তিতে মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেক ঘটনাস্থলে উপস্থিত হয়ে প্রাচীর নির্মাণ কাজ স্থগিতের আহব্বান করেন ঠিকাদার প্রতিষ্ঠানকে।

এসময় উত্তেজিত জনগনকে শান্ত করতে এবং সমস্যার স্থায়ী সমাধনের প্রতিশ্রুতি দিয়ে বক্তব্যে এম এ খালেক বলেন, ভাটপাড়া বাজার ও ডিসি ইকোপার্ক এলাকাবাসীর একটি প্রাচীণ ঐতিহ্য। এ ঐতিহ্য রক্ষা করার যে দাবী করেছে এলাকাবাসী তা অবশ্যই যৌক্তিকতা রয়েছে। তাছাড়া মেহেরপুর জেলার বিভিন্ন এলাকা থেকে সবজি ব্যবসায়ীরা ভাটপাড়া বাজারে আসেন।

সেখানে রয়েছে একটি ব্রিটিশ আমলের খেলার মাঠ। বিভিন্ন দিবসে রাস্তায় হাজার হাজার লোকের সমাগম হয়। শুরু হয় চরম যানজট । সেখানে রাস্তা ঘেঁসে ভুমি অফিসের প্রাচীর নির্মাণ করা হলে ইকোপার্ক ও বাজারের জায়গা সংকুচিত হবে এবং নষ্ট হবে দর্শনীয় ও প্রয়োজনীয় স্থানগুলির সৌন্দর্য। তাই উপজেলা প্রশাসনের সাথে আলাপ আলোচনা করে প্রাচীর নির্মাণ স্থগীত করনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

মানববন্ধনে আরো বক্তব্য রাখেন, ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মশিউর রহমান,সহকারি শিক্ষক আব্দুর রহিম, গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি তৌহিদুল ইসলাম তৌহিদ, নওপাড়া বাজার কমিটির সভাপতি ও ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালয়ের পরিচালনা

পর্ষদের সাবেক সভাপতি আবুল বাসারসহ এলাকার গণ্যমান্য ব্যাক্তিবর্গ।

মানববন্ধন শেষে বিকেলে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে এলাকাবাসীর দাবী নিয়ে গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক ও উপজেলা নির্বাহী অফিসার রেজা মহম্মদ সেলিম শাহনেওয়াজের সাথে দেখা করেন এলাকাবাসী।

ভুমি অফিসের প্রাচীর নির্মাণ কাজ প্রধান সড়ক থেকে ২০ ফিট দূরে করার দাবী তুলে ধরে বক্তব্য রাখেন এলকার গণ্যমান্য ব্যক্তিবর্গ। পরে জনগনের স্বার্থে জনগনের দাবীর সাথে একত্মতা ঘোষণা করেন উপজেলা চেয়ারম্যান এমএ খালেক।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার আরএম সেলিম শাহনেওয়াজ বলেন, আমি বিষয়টি ছোট-খাটো বা ব্যক্তি স্বার্থ বলে মনে করেছিলাম। কিন্ত এখন বিষয়টি জনস্বার্থে এলকাবাসী দাবী করেছেন তাই চলমান প্রাচীর নির্মাণ কাজ সাময়িক ভাবে স্থগিত থকবে এবং বিষয়টি উর্দ্বতন কর্তৃপক্ষের সাথে আলাপ আলোচনার মাধ্যমে নিরসন করা হবে।

মেহেরপুরে স্বাস্থ্যবিধি না মানায় জরিমানা আদায়

মেহেরপুর সদরে বিভিন্ন স্থানে স্বাস্থ্যবিধি না মানায় ১২ জনের কাছ থেকে ৬ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

বৃহস্পতিবার সকালে মেহেরপুর হোটেল বাজার মোড়ে সহকারি কমিশনার ভূমি মাঈনুদ্দীনের নির্দেশে এই ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়।

এ সময় তিনি বলেন করোনা ভাইরাসের প্রাদুর্ভাব ঠেকাতে হলে আমাদের বিশেষ করে মাস্ক পরিধান করতে হবে। যারা মেহেরপুর শহরের ভিতরে মাস্ক ছাড়া চলাচল করছে তাদেরকে সতর্ক করা হচ্ছে এবং কিছু কিছু মানুষের কাছ থেকে জরিমানা আদায় করা হয়েছে।

তিনি আরও বলেন করোনা ভাইরাস যখন থেকে বাংলাদেশে আক্রমণ করেছে তখন থেকে মেহেরপুর জেলাবাসী কে সতর্ক করা হয়েছে। অযথা যারা ঘোরাফেরা করছে তাদেরকে আইনের আওতায় এনে জরিমানা আদায় করা হয়েছে।

এ সময় উপস্থিত ছিলেন এ এস আই শহিদুল, সোহাগ, সুমন, প্রমুখ

মেহেরপুরের গাংনীতে বৃক্ষরোপণ কার্যক্রমের উদ্বোধন

মেহেরপুরের গাংনীতে মুজিব বর্ষ উদযাপন উপলক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সের মাধ্যমে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেন।

বৃক্ষরোপণ কর্মসূচির ধারাবাহিকতায় বৃহস্পতিবার বেলা সাড়ে ১১ টার দিকে গাংনী উপজেলা প্রশাসনের পক্ষ থেকে উপজেলা পরিষদ চত্বরে গাছের চারা রোপন করে এ কার্যক্রমের উদ্বোধন করা হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা আর এম সেলিম শাহনেওয়াজ এঁর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা পরিষদ চেয়ারম্যান এম এ খালেক।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, পৌর মেয়র আশরাফুল ইসলাম, এমপি সাহেবের প্রতিনিধি মনিরুজ্জামান আতু, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা (এসএফএনটিসি) এস টি হামিম হায়দার। এ সময় আরো উপস্থিত ছিলেন রেঞ্জ সহকারি সাব্বির আহমেদ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নাজির আবু হানজালা।

বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে মুজিবনগর উপজেলায় বৃক্ষ রোপন কর্মসূচির উদ্ভোধন

বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে সারা দেশে ১ কোটি বৃক্ষ রোপন কর্মসূচির আওতায় মুজিবনগর উপজেলায় বৃক্ষ রোপন কর্মসূচির উদ্ভোধন

“মুজিব বর্ষের আহবান লাগাই গাছ বাড়াই বন” এই প্রতিপাদ্য কে সামনে রেখে জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উপলক্ষে সারা দেশে ১ কোটি বৃক্ষ রোপন কর্মসূচির আওতায় মুজিবনগর উপজেলায় বৃক্ষ রোপন কর্মসূচির উদ্ভোধন করা হয়েছে বৃহস্পতিবার ১২টা দিকে মুজিবনগর উপজেলা চত্তরে গাছে চারা রোপনের মধ্যদিয়ে মুজিবনগর উপজেলা নির্বাহি অফিসার উসমান গনি মুজিবনগর উপজেলায় গাছের চারা রোপন কার্যকর্মের উদ্ভোধন করেন, এ সময় মেহেরপুর জেলা এস, এফ,এন,টি,সি এর ভারপ্রাপ্ত কমর্কর্তা জাফরউল্লাহ এবং মুজিবনগর উপজেলা বন কর্মকর্তা মাসুদুর রহমান সহ উপজেলা বন বিভাগের কর্মকর্তা কর্মচারিবৃন্দ উপস্হিত ছিলেন।

মুজিবনগর উপজেলায় পর্যায় ক্রমে ২০৩২৫ টি ফলজ,বনজ এবং ঔষোধি গাছেরর চারা রোপন করা হবে

মেহেরপুর প্রতিদিন এ সংবাদ প্রকাশের পর তদন্ত কমিটি গঠন

মেহেরপুর জেনারেল হাসপাতালের করোনা সেলে সেবা দানে নিয়োজিতদের নিম্নামানের খাবার বরবরাহের বিষয়ে তদন্ত কমিটি গঠন করা হয়েছে ।

গত ১৪ জুলাই “ বরাদ্দ ৫’শ হলেও খাবার মিলছে অর্ধেক” শিরোনামে

দৈনিক মেহেরপুর প্রতিদিন এ সংবাদ প্রকাশ হওয়ার পর নজরে আসে হাসপাতাল কর্তৃপক্ষের। মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্ত্ব বধায়ক রফিকুল ইসলাম গত ১৫ জুলাই বুধবার তিন সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করেন।

কমিটিতে ডা. মোহাম্মদ আব্দুর রশিদকে সভাপতি, আবাসিক মেডিকেল অফিসার ডা. মোখলেছুর রহমান ও নার্স সুপারভাইজার পাপিয়া খাতুনকে সদস্য করা হয়। এই তিন সদস্যের তদন্ত কমিটির আগামী রবিবার প্রতিবেদন দাখিল করার কথা রয়েছে।

তত্ত্বাবধায়ক ডা. রফিকুল ইসলাম বিষয়টি নিশ্চিত করে বলেন, তদন্ত কমিটি প্রতিবেদন দাখিল করার পর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে । যদি অনিয়ম থাকে তবে ঠিকাদার প্রতিষ্ঠাকে কোনভাবেই ছাড় দেওয়া হবে না।

মেপ্র/এমএফআর

মেহেরপুরের বাজিতপুরে মুক্তিযোদ্ধার মৃত্যু, রাষ্ট্রীয় মর্যাদায় দাফন

মেহেরপুর সদর উপজেলার বাজিতপুর গ্রামের মুক্তিযোদ্ধা ইয়ানুচ
(৮০) মৃত্যুবরণ করেছেন। গতকাল বুধবার রাত ৮ টায় কুষ্টিয়া সরকারি হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্নালিল্লাহি রাজিউন)। ইয়ানুচ সদর উপজেলার বাজিতপুর গ্রামের মৃত ফকির মালিথার ছেলে।

মৃত্যু কালে তিনি স্ত্রী, দুই ছেলে ও এক মেয়েসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন । বৃহস্পতিবার সকাল ১০ টায় বাজিতপুর জামে মসজিদ প্রাঙ্গনে রাষ্ট্রিয় মর্যাদায় গার্ড অফ অনার প্রদান করা হয়। পরে বাজিতপুর কবর স্থানে দাফন কাজ সম্পন্ন করা হয়।

গার্ড অব অনার প্রদানের সময় উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা

নির্বাহী অফিসার মাসুদুল আলম, মুক্তিযোদ্ধা জেলা কমান্ডার বশির আহমেদ, বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহ্জামান, মুক্তিযোদ্ধাদের অন্যান্য সদস্য সহ তার পরিবারের লোকজন।

মেহেরপুরে আরো ৩ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আরো ৩ জন করোনা আক্রান্ত হয়েছেন। আক্রান্ত সকলেই সদর উপজেলার।

এ নিয়ে জেলায় ১১৫ (সদর- ৬১, গাংনী -৪৩, মুজিবনগর -১১) জন করোনায় আক্রান্ত হলেন। এর মধ্যে ৬৫ জন সুস্থ হয়েছেন, ৬ জন মারা গেছেন। ১০ জনকে রেফার্ড করা হয়েছে।

মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন জানান, আজ বুধবার কুষ্টিয়া মেডিকেল কলেজ থেকে ১৪ টি রিপোর্ট এসেছে। এর মধ্যে ৪টি পজিটিভ, ১টি ফলোয়াপ।

তিনি জানান, এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা ২১২১টি।